**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 24.09.2026** **Desk in Charge : SDG**

**Time: 7-35 A.M.** **Edit. & Compile: Priya B.**

**DEO: KB** **NRT: Priya B.**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি –

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, নতুন বিনিয়োগ টানার লক্ষ্যে শিল্পপতি গৌতম আদানির সঙ্গে আজ বৈঠকে বসছেন। **#** নিউটাউনে আদানি গোষ্ঠীর ২'হাজার শয্যার হাসপাতালের শিলান্যাস অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী।

২/ পুজোর আগেই সরকারি কর্মচারীদের, ২০০৮ থেকে ১৫- এই সাত বছরের বকেয়া মহার্ঘ ভাতা এককালীন মিটিয়ে দেওয়ার সিদ্ধান্ত। **#**রাজ্য সরকারের অক্টোবর মাসের প্রদেয় বেতন, পেনশন ইত্যাদি, ওই মাসের ১৫ তারিখেই মিটিয়ে দেওয়া হবে।

৩/ সরকারি পণ্য ও পরিষেবা কেনার ক্ষেত্রে রাজ্য সরকার, গভর্নমেন্ট ই-মার্কেটপ্লেস-জেম-এর ব্যবহার বাধ্যতামূলক করেছে।

৪/ তৃণমূল কংগ্রেস থেকে NCPI-তে যোগ দেওয়া ২০ জনের সাংসদ পদ খারিজের বিষয়ে লোকসভার অধ্যক্ষকে যত দ্রুত সম্ভব সিদ্ধান্ত গ্রহণ করতে বলেছে সুপ্রিমকোর্ট।

৫/ রাজ্যের প্রায় সব জেলাতেই আজ'ও বৃষ্টির পূর্বাভাস।

৬/ IFA শিল্ড ফুটবল প্রতিযোগিতায় ইস্টবেঙ্গল আজ ক্যালকাটা কাস্টমস ক্লাব-এর মুখোমুখি হবে।

*****************************************************************

রাজ্যে শিল্প ক্ষেত্রে নতুন বিনিয়োগ টানার লক্ষ্যে শিল্পপতি গৌতম আদানির সঙ্গে আজ বৈঠকে বসছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। নিউটাউনে বেঙ্গল সিলিকন ভ্যালিতে আদানি গোষ্ঠীর ২'হাজার শয্যার হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী। সেখানেই এই বৈঠক হওয়ার কথা। এই হাসপাতালের এক হাজার শয্যা দরিদ্র ও দুঃস্থ মানুষদের জন্য সংরক্ষিত থাকবে। বাকি এক হাজার শয্যা, বাণিজ্যিকভাবে ব্যবহার করা হবে।

*************************

রাজ্যে, লগ্নী পরিস্থিতি খতিয়ে দেখতে দিন দশেকের মধ্যে রিলায়েন্স গোষ্ঠীর প্রতিনিধি দল পশ্চিমবঙ্গে আসবে। মুকেশ আম্বানি'ও খুব শীঘ্রই এরাজ্য আসবেন বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। মিলন মেলা প্রাঙ্গণে গতকাল তিনি বলেন, রিলায়েন্স চার পাঁচটি ক্ষেত্রে বিনিয়োগে আগ্রহী। পাশাপাশি আগ্রহ প্রকাশ করেছে জিন্দাল গোষ্ঠীও। শিল্প-বান্ধব পরিবেশ তৈরীতে সরকার সবরকম পদক্ষেপ নিচ্ছে বলেও মুখ্যমন্ত্রী জানান।

*************************

কর্মসংস্থানের ভিত্তিতে বিভিন্ন শিল্প সংস্থাকে উৎসাহ ভাতা দেবে রাজ্য সরকার। কলকাতার মিলন মেলা প্রাঙ্গণে গতকাল ৩৩'টি শিল্প সংস্থাকে আনুষ্ঠানিকভাবে জমি হস্তান্তরের পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী একথা জানিয়ে বলেন, পূর্বতন সরকার শিল্প স্থাপনে 'ইনসেন্টিভ' শব্দটিই মুছে দিয়েছিল। কিন্তু বর্তমান সরকার এইজন্য চলতি অর্থবছরের আট মাসের বাজেটে পাঁচ হাজার কোটি টাকা বরাদ্দ করেছে।

(বাইট- মুখ্যমন্ত্রী ইন্সেন্টিভ)

তিনি বলেন, দুর্গাপুজোর আগেই নতুন শিল্পনীতি ঘোষণা করবে সরকার। পরিবেশ-বান্ধব নতুন এই শিল্পনীতিতে, জমি সহ অন্যান্য ছাড়পত্রের জন্য 'এক জানলা' ব্যবস্থা চালু করা হবে। যেসব শিল্প সংস্থা ১০০ কোটি টাকার বেশি বিনিয়োগ করবে, তারা যাতে দ্রুত সব ধরনের ছাড়পত্র পায় তার ব্যবস্থা করা হবে।

ভুল শিল্পনীতির জন্য বাম আমলে রাজ্যে ৫৪ হাজার বড়, মাঝারি ও ক্ষুদ্র শিল্প ধ্বংস হয়ে গিয়েছে বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন। তৃণমূল কংগ্রেস সরকারের ভুল জমি

নীতির সমালোচনা করে তিনি বলেন, রাজ্যে সিন্ডিকেট, তোলাবাজি বন্ধ করতে ২৪ ঘন্টার জন্য যে 'টোল ফ্রি' হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে, শিল্পপতিরাও সেখানে অভিযোগ জানাতে পারেন।

*************************

পুজোর আগেই সরকারি কর্মচারীদের ৭ বছরের বকেয়া মহার্ঘ ভাতা এককালীন মিটিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। ২০০৮ এর ১ এপ্রিল থেকে ২০১৫-র ৩১ ডিসেম্বর পর্যন্ত বকেয়া মহার্ঘভাতার অর্থ চলতি মাসেই দেওয়া হবে বলে অর্থ দপ্তর এক নির্দেশিকায় জানিয়েছে। গ্রুপ 'এ', 'বি' ও 'সি' কর্মীদের বকেয়া ডিএ, সরাসরি জেনারেল প্রভিডেন্ট ফান্ড বা জিপিএফ অ্যাকাউন্টে জমা পড়বে। এই টাকা ২০২৮ সালের ৩১ মার্চের পরই তোলা যাবে। সংশ্লিষ্ট কর্মীর অবসর, মৃত্যু বা পদত্যাগের মতো বিশেষ পরিস্থিতিতে নিয়ম শিথিল করা হবে। যাদের অবসর নেওয়ার তিন মাস বাকি রয়েছে, তাদের ক্ষেত্রে এই অর্থ, সরাসরি ব্যাংক একাউন্টে চলে যাবে। গ্রুপ 'ডি' কর্মীদের প্রাপ্য অর্থ সরাসরি ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা দেওয়া হবে। এর আগে চলতি বছরে ৩১ মার্চ সরকারি কর্মীদের ২০১৬-র জানুয়ারি থেকে ২০১৯-এর ৩১ ডিসেম্বর পর্যন্ত বকেয়া মহার্ঘ ভাতা একই নিয়মে দিয়ে দেওয়া হয়েছিল।

*************************

রাজ্যে সরকারি কর্মচারী, অবসরপ্রাপ্ত এবং বিভিন্ন সরকারি প্রকল্পের উপভোক্তাদের অক্টোবরের বেতন, পেনশন, মজুরি, স্টাইপেন্ড, সাম্মানিক এবং পারিবারিক পেনশন ওই মাসের ১৫ তারিখেই মিটিয়ে দেওয়া হবে। রাজ্যের অর্থ দপ্তর এই মর্মে বিজ্ঞপ্তি জারি করে জানিয়েছে, রাজ্য সরকারের কর্মীদের পাশাপাশি 'গ্র্যান্ট-ইন-এইড' বা অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানের কর্মীরাও ওই দিন পুজোর মাসের বেতন পেয়ে যাবেন।

এছাড়া পূর্ব ঘোষণা অনুযায়ী, অক্টোবরের বেতনের সঙ্গেই বর্ধিত হারে মহার্ঘ ভাতা এবং পেনশন প্রাপকদের 'ডেয়ারনেস রিলিফ' বা DR প্রদান করা হবে।

*************************

সরকারি পণ্য ও পরিষেবা কেনার ক্ষেত্রে 'গভর্নমেন্ট ই-মার্কেটপ্লেস'- জেম এর ব্যবহার বাধ্যতামূলক করেছে রাজ্য সরকার। অর্থ দফতর এই মর্মে বিজ্ঞপ্তি জারি করে

জানিয়েছে, রাজ্য সরকারের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সমস্ত দফতর, অধীনস্ত অফিস এবং সংস্থাকে পণ্য ও পরিষেবা শুধুমাত্র ওই প্ল্যাটফর্মের মাধ্যমেই সংগ্রহ করতে হবে। সরকারি ক্রয়ে স্বচ্ছতা, দক্ষতা এবং ব্যয় সাশ্রয় নিশ্চিত করতেই এই সিদ্ধান্ত। সব দফতর ও সংস্থাকে অবিলম্বে জেম-এ অনবোর্ডিংয়ের প্রক্রিয়া শুরু করার নির্দেশ দেওয়া হয়েছে।

**************************

জনসেবা থেকে দেশ সেবা এই মন্ত্রকে পাথেয় করে ২৫ বছরের দীর্ঘ রাজনৈতিক জীবনে মানুষের সেবায় নিরলসভাবে কাজ করে চলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সেবা ও সুশাসনের এই ভাবনাকে সামনে রেখেই ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য পূরণে কাজ করছে কেন্দ্র। এই ধারাবাহিকতায় শুরু হয়েছে বিশেষ সিরিজ সেবা সংকল্প অভিযান। এই বিশেষ পর্বে জনসেবা সুশাসন এবং নাগরিক অংশগ্রহণের মাধ্যমে কিভাবে উন্নয়নের লক্ষ্যকে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে সেই চিত্রই তুলে ধরা হবে। আজকের বিষয় Ease of doing Business।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল – কাশফিন )

**************************

আসন্ন উৎসবের মরশুমের আগে পশ্চিমবঙ্গে পেঁয়াজের জোগান স্বাভাবিক রাখতে বিশেষ উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় সরকার। মূল্য স্থিতিশীলতা তহবিলের মজুত ভাণ্ডার থেকে পেঁয়াজ নিয়ে ‘কান্দা এক্সপ্রেস’, আজ কলকাতা পৌঁছাবে। কেন্দ্রীয় উপভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবণ্টন মন্ত্রক জানিয়েছে, এই ট্রেনের মাধ্যমে দ্রুত বিপুল পরিমাণ পেঁয়াজ পৌঁছানোর ফলে কলকাতা ও সংলগ্ন জেলাগুলিতে জোগান আরও মজবুত হবে।

**************************

তৃণমূল কংগ্রেস থেকে NCPI-তে যোগ দেওয়া ২০ জনের সাংসদ পদ খারিজের দাবিতে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের করা আবেদনের বিষয়ে, লোকসভার অধ্যক্ষকে যত সম্ভব দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করতে বলেছে সুপ্রিমকোর্ট। সংবিধানের দশম তপশিল অনুয়ায়ী,

অধ্যক্ষকেই এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি ও বিচারপতি ভি মোহনার বেঞ্চে, মমতা ব্যানার্জী-পন্থী তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের দায়ের করা মামলায় গত মাসে সুপ্রিমকোর্ট ওই বিদ্রোহী সাংসদদের নোটিশ দেয়। স্পিকারের তরফে লোকসভার সচিবালয় থেকেও সাংসদদের নোটিস পাঠিয়ে ২২শে সেপ্টেম্বরের মধ্যে ওই বিষয়ে তাদের বক্তব্য জানতে চাওয়া হয়েছিল। কিন্তু নোটিশের উত্তর দিতে গতকাল ফের অধ্যক্ষের কাছে এক মাস সময় চেয়েছেন ওই সাংসদরা।

*************************

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে বিধানসভা উপনির্বাচনে **বিজেপি প্রার্থী হাসিরানী** রথের নির্বাচনী হলফনামাকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেছে কংগ্রেস। আইনজীবী ঋজু ঘোষাল, বিচারপতি কৃষ্ণ রাওয়ের দৃষ্টি আকর্ষণ করে জানিয়েছেন, হাসিরানী রথ-এর জন্ম এবং মাধ্যমিক পাশের সাল নিয়ে বিতর্ক রয়েছে। যে নথিপত্র তিনি কমিশনে জমা দিয়েছেন, সেই অনুযায়ী তাঁর বয়স ৬১ বছর। অর্থাৎ ১৯৬৫ সাল নাগাদ তাঁর জন্ম। অথচ স্কুল লিভিং সার্টিফিকেট অনুযায়ী তিনি ওই বছর দশম শ্রেণীর ছাত্রী ছিলেন।

*************************

বেসরকারি হাসপাতালগুলিতে অস্বাভাবিক বিল তৈরির প্রবণতায় লাগাম টানতে এবার কঠোর পদক্ষেপ নিতে চলেছে রাজ্যের ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট অ্যান্ড রেগুলেটারি কমিশন। কমিশনের চেয়ারম্যান অবসরপ্রাপ্ত বিচারপতি বিশ্বজিৎ বসু আকাশবাণীকে জানিয়েছেন, বেসরকারি নার্সিংহোম, হাসপাতালগুলির তথাকথিত 'লুকোনো খরচের' বিষয়ে একাধিক অভিযোগ এসেছে। এব্যাপারে একটি নির্দেশিকা জারি করার প্রস্তুতির চলছে।

*************************

কেশ সংগ্রাহক ও রপ্তানিকারকদের ব্যবসাকে একটি সমন্বিত রূপ দিতে চলেছে রাজ্য সরকার। কলকাতায় গতকাল হিউম্যান হেয়ার এক্সপোর্ট অ্যাসোসিয়েশন আয়োজিত এক

আলোচনা সভায় অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্প দপ্তরের প্রতিমন্ত্রী অশোক দিন্দা বলেন, বহু প্রান্তিক মানুষ অস্বাস্থ্যকর পরিবেশে এই পেশায় যুক্ত থেকে দিন যাপন করেন। অথচ রাশিয়া, চীন প্রভৃতি দেশে রপ্তানি করে কেশ সজ্জার প্রাকৃতিক এই উপাদান থেকে বহু বিদেশি মুদ্রা আমদানি হয়। এই ব্যবসার প্রসারে সরকারি শিল্পতালুকে একটি ক্লাস্টার তৈরি করে ও আধুনিক যন্ত্রপাতি দিয়ে একটি সুসজ্জিত পরিকাঠামো গড়ে দেওয়া হবে বলে তিনি জানান।

*************************

অতি গভীর নিম্নচাপটি গতরাতেই উত্তর অন্ধ্রপ্রদেশ এবং সংলগ্ন দক্ষিণ ওড়িশা উপকূলে বিশাখাপত্তনম ও গোপালপুরের মধ্য দিয়ে কলিঙ্গপতনামের দক্ষিণ-পশ্চিম দিক থেকে স্থলভাগে প্রবেশ করেছে। আগামী ১২ ঘণ্টায় অতি গভীর নিম্নচাপ হিসেবে এটি ক্রমশ উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হবে এবং এরপর পরবর্তী ২৪ ঘণ্টায় তা ক্রমশ শক্তি হারাবে। এর প্রভাবে প্রায় সারারাত কলকাতা ও তার আশপাশের এলাকা বিশেষ করে উপকূলের জেলাগুলিতে বৃষ্টি হয়েছে। আজও রাজ্যের প্রায় সব জেলাতেই বৃষ্টির পূর্বাভাস। মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

*************************

১২৬-তম IFA শিল্ড ফুটবল প্রতিযোগিতায় ইস্টবেঙ্গল আজ মাঠে নামবে। প্রতিপক্ষ ক্যালকাটা কাস্টমস ক্লাব। ইস্টবেঙ্গল মাঠে খেলা শুরু হবে বিকেল তিনটেয়। প্রতিযোগিতার প্রথম দিনে গতকাল উদ্বোধনী ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট ৬-০ গোলে শ্রীনিধি ডেকান FC-কে হারিয়ে দেয়। গ্রুপের শেষ ম্যাচে মোহনবাগান আগামী মঙ্গলবার নর্থ ইস্ট ইউনাইটেডের বিরুদ্ধে খেলবে।

*************************************************************************